আজ পর্দা উঠছে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের

আজ শুক্রবার বিকালে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে পর্দা উঠবে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর। উদ্বোধনী দিনে একদিকে খেলবে তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেণ্ডস একাদশ বনাম আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরেবাংলা ক্লাব।মেহেরপুর সরকারি কলেজ মাঠে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উম্মোচিত হবে মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর। মনোমুগ্ধকর উপস্থাপনা এবং মেহেরপুরের কৃতি ফুটবলারদের সম্মাননা জানানোর মধ্য দিয়ে মাঠে গড়াবে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩। শুক্রবার বিকাল ৩টায় শুরু হবে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠান।
টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হক বলেন, “মাঠে এসো খেলা হবে, কাপানো সেই হুংকারে” থিম সং আর মনোমুগ্ধকর পরিবেশনার মাধ্যমে শুরু হবে মেহেরপুর কলেজ মাঠের ফুটবল খেলার উদ্বোধনী অনুষ্ঠানের এই আসর।
তিনি বলেন, ফুটবল খেলা হলো মানুষের কাছে এক দারুণ বিনোদন। আমি আশা করছি চমৎকার একটি মৌসুম কাটবে এই টুর্নামেন্ট আয়োজনের মধ্য দিয়ে।’
মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক ও টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন, সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। এখন শুধু উদ্বোধনের পালা। তিনি বলেন, বর্তমান প্রজন্ম একটি মোবাইল ফোন আর ইন্টারনেট কানেকশনের মধ্যে আটকিয়ে আছে। আমাদের দেশের সকল জনপ্রিয় খেলাধুলা গুলোও এখন বিলুপ্তির পথে। এই যুগের ছেলে মেয়েরা বিনোদন থেকে বঞ্চিত হয়ে তারা বিপথে পা বাড়াচ্ছেন। আমরা আমাদের সমাজ ও দেশ হারাচ্ছেন আমাদের সোনার ছেলেদের।
তিনি আরো বলেন, মেহেরপুর প্রতিদিন শুধু সংবাদ পরিবেশনের মধ্যে দিয়ে বসে না থেকে আয়োজন করেছে মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর। আমরা আশা করি এই আয়োজনের মধ্যে দিয়ে আমাদের ছেলে মেয়েরা ফিরে আসবে সেই হারানো ঐতিহ্যবাহি খেলাধুলার দিকে। আমরা এই সমাজের কল্যাণকর সব ধরনের আয়োজন করে আমাদের সেই দায় দায়ীত্ব পালন করবো। খেলাটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য সব ধরনের সহযোগীতা করার জন্য প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ ও আপামর জনসাধারণকে আহবান জানান তিনি।
টুর্নামেন্টে জেলার বিভিন্ন এলাকার ১৬টি দল অংশ নিচ্ছে। চ্যাম্পিয়ন দল পুরস্কার হিসেবে পাবে নগদ ৫০ হাজার টাকা ও ট্রফি এবং রানার্স আপ দল পাবে নগদ ৩০ হাজার টাকাসহ ট্রফি। এছাড়া রয়েছে

একগুচ্ছ পুরস্কার। টুর্নামেন্টের সবগুলো খেলা একযোগে সম্প্রচার হবে রাজধানী টিভি, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল ও রেডিও পায়রাতে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট

উপলক্ষে উদ্বোধনী শোভাযাত্রা

বাদ্যের তালে তালে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর শহরে জমকালো উদ্বোধনী শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল সাড়ে ১১ টার সময় উদ্বোধনী শোভাযাত্রাটি মেহেরপুর টাউন হল থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দৈনিক মেহেরপুর প্রতিদিন অফিসে এসে শেষ হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রবীণ খেলোয়াড় এমদাদুল হকের নেতৃত্বে অনুষ্ঠিত উদ্বোধনী শোভাযাত্রায় উপস্থিত ছিলেন, মেহেরপুরের কৃতি ও প্রবীন খেলোয়ার মাসুদ করিম ধলস, আনোয়ারুল হক কালু, মাহবুবুল হক মন্টু, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুল ইসলাম, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর হোসেন, মিঠু ইসলাম, মাহবুব হোসেন ডালিম, আজমাইন হোসেন, সাইফুল আযম তাপস, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, স্টাফ রিপোর্টার এস এ সাদিক, আবু রায়হান নীরবসহ বিভিন্ন শ্রেনী পেশার উপস্থিত ছিলেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের জন্মদিনে গাংনী মহিলা কলেজে দোওয়া মাহফিল

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিশ্রুতিশীল উপাচার্য, বিশিষ্ট সমাজবিজ্ঞানী প্রফেসর ড. মো. মশিউর রহমানের শুভ জন্মদিন উপলক্ষে গাংনী মহিলা ডিগ্রী কলেজে মিলাদ মাহফিল ও দোওয়া অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১ জুন) সকাল ১০ টার সময় গাংনী মহিলা কলেজের হলরুমে এই মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ মাহফিলে উপস্থিত ছিলেন, অধ্যক্ষ মো: খোরশেদ আলীসহ কলেজের অন্যান্য শিক্ষকবৃন্দ।

এদিকে এই গুনি ব্যক্তির শুভ জন্মদিনে অভিনন্দন জানিয়েছেন গাংনী মহিলা ডিগ্রী কলেজ ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি, দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও আনিশা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মো: আব্দুস শুকুর ইমন।

মিলাদ মাহফিল ও দোওয়ার অনুষ্ঠানে উপাচার্য, প্রফেসর ড. মো. মশিউর রহমানের সুস্থ জীবন ও দীর্ঘায়ু কামনা করা হয়। এছাড়া তার আগামীর পথ চলা যেনো সুন্দর ও মসৃন হয় সে দোওয়া করা হয়।

মেহেরপুরে কুরিয়ার সার্ভিসের অতিরিক্ত চার্জ; ভোক্তাদের অসন্তোষ

মেহেরপুর শহরের সেলিনা আক্তার বলেন, ঢাকাতে ছেলে ও মেয়ে থাকে। তাদের কাছে আম পাঠাতে হবে। তাই ২৫ কেজি আম পাঠালাম। এক হাজার টাকার আম কিনে পাঠানো খরচ লাগলো পৌনে চার’শ টাকা। ছেলে মেয়ে

নিতে হবে এটা নির্ধারণ করে থাকে আমাদের কর্তৃপক্ষ। আমাদের এখানে কোনো হাত নেই।

এদিকে এসএ পার্সেল এন্ড কুরিয়ার সার্ভিস কেজি প্রতি আম পাঠাতে নিচ্ছেন ঢাকার মধ্যে ১৫ টাকা ও ঢাকার বাইরের জেলাতে প্রতি কেজি আম পাঠাতে নিচ্ছেন ২০ টাকা।

এসএ পার্সেল এন্ড কুরিয়ার সার্ভিসের মেহেরপুর শাখার ম্যানেজার জাহাঙ্গীর আলম বলেন, সার্ভিসের দিক থেকে আমাদের উপরে কেউ নেই। তাই আমরা খরচ একটু বেশি নিয়ে থাকি। আমাদের সার্ভিস সবার চাইতে ভাল। এক কেজি আমে ১৫ টাকা ঢাকার ভিতর এবং ২০ টাকা ঢাকার বাইরে নেওয়া প্রসঙ্গে বলেন, এটা নির্ধারণ হয়ে থাকে হেড অফিস থেকে। আমাদের যেভাবে নির্দেশ দেই আমরা সেভাবেই নিয়ে থাকি।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সমন্বিত চুয়াডাঙ্গা জেলার সহকারি পরিচালক সজল আহমেদ বলেন, এসব বড় কুরিয়ার সেবাদানকারী প্রতিষ্ঠানের নীতিমালায় কি আছে কত টাকা নিতে পারবে এটা জানতে হবে। তবে, দাম নির্ধারণ করার ক্ষেত্রে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে কোনো কিছু করা যাবেনা। তাদের কাছ থেকে মাল ক্ষতিগ্রস্থ বা নষ্ট হলে সেক্ষেত্রে ওই গ্রাহক কোনো অভিযোগ দিলে সেক্ষেত্রে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে তাদের বিরুদ্ধে এ্যাকশন নেওয়া যাবে।

মেহেরপুরে বইছে মাঝারী তাপপ্রবাহ / জনজীবনে নাভিশ্বাস

গত কয়েক দিন মেহেরপুরের উপর দিয়ে বয়ে যাচ্ছে মাঝারি তাপদাহ। তাপমাত্রা ওঠানামা করছে ৩৬ ডিগ্রি থেকে ৩৭ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত। সকাল থেকেই সুর্য তাপ ছাড়াচ্ছে এবং বেলা বাড়ার সাথে সাথে বাড়ছে তাপমাত্রাও। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বাড়তে থাকে রোদের তীব্রতা। রোদের এতটাই তেজ যে, ঘরের বাইরে পা ফেলা দায়। নাভিশ্বাস উঠেছে জনজীবনে।

তাপদাহের সঙ্গে অনুভূত হচ্ছে ভ্যাপসা গরম। পথে বের হলেই রোদের তেজ শরীর পুড়িয়ে দিচ্ছে। এতে জনজীবনে হাঁসফাঁস অবস্থা।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অফিস জানিয়েছে আজ বৃহস্পতিবার বেলা ১২ টার সময় এ অঞ্চলের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৬.৫ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আদ্রতা ৪৯ শতাংশ।
এদিকে, টানা কয়েকদিন ধরে দেশের সর্বোচ্চ তাপমাত্রা রয়েছে চুয়াডাঙ্গায় ও মেহেরপুরে। বুধবার তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এমন গরম চলবে অন্তত এক সপ্তাহ। সাতদিন পরে তাপপ্রবাহ কমলেও বৃষ্টির দেখা পেতে অপেক্ষা করতে হবে কয়েক দিন।
এদিকে এই তাপদাহে বেশি দুর্ভোগে পড়েছে নিম্ন আয়ের শ্রমজীবি মানুষ। তারপরেও প্রচন্ড রোদ্রের তাপ উপেক্ষা করে কাজ করছে এসব নিম্ন আয়ের মানুষ।

এদিকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গিয়ে দেখা গেছে গত তিন দিনে ডায়রিয়া জনিত কারণে হাসপাতালে ভর্তি হয় শতাধিক মানুষ।

গাংনী হাসপাতালের মেডিকেল অফিসার ডা. মারুফ বলেন বর্তমানে যে তাপমাত্রা পড়ছে তাতে হিটস্ট্রোক হতে পারে, সেহেতু প্রতিটি মানুষকে ঠান্ডা ও ছায়া যুক্ত জায়গায় থাকতে হবে। তবে শিশুদের কে পরিস্কার পরিছন্ন এবং ঠান্ডা ঘরে রাখতে হবে।

গাংনীতে মাদক বিক্রেতাকে ধাওয়া করে দুর্ঘটনার স্বীকার দুই

পুলিশ

মেহেরপুরের গাংনী উপজেলার মোমিনপুর গ্রামে মাদক বিক্রেতার মোটরাসাইকেলের সাথে পুলিশের মোটরাসাইকেলের মুখোমুখি সংঘর্ষে পুলিশের দুই সদস্য মারাত্বক আহত হয়েছেন।

এরা হলেন, গাংনী থানায় কর্মরত কনস্টেবল তৈয়ব আলী ও কনস্টেবল তানভীর আহমেদ।
আজ বুধবার (৩১ মে) বিকালের দিকে এই ঘটনা ঘটে।

তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে তানভীর আহমেদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল একটি মোটরাসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, গাংনী উপজেলার মোমিনপুর এলাকা দিয়ে ফেনসিডিলের একটি চালান যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে এএসআই রাসেল আহম্মেদ ও তার অপর তিন সঙ্গী নিয়ে সেখানে যান। একটি মোটরাসাইকেলে দুজনকে আসতে দেখে কনেস্টাবল তানভীর ও তৈয়ব আলী থামানোর চেষ্টা করে। এসময় মাদক ব্যবসায়ীরা পালনোর চেষ্টা করে। এসময় পুলিশের গাড়িও তাদের তাড়া করে। এক পর্যায়ে পুলিশের মোটরসাইকেলকে ধাক্কা দিয়ে পালানোর চেষ্টা করলে দুটো মোটরাসাইকেল দুর্ঘটনায় পতিত হয়। এসময় মাদক বিক্রেতারাও আহতাবস্থায় পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করা হয়।

ওসি আব্দুর রাজ্জাক আরও বলেন, মাদক বিক্রেতাদের ধরতে এলাকায় অভিযান শুরু করা হয়েছে।

মেহেরপুর আমঝুপিতে বিশ্ব তামাক মুক্ত দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউকের নিজস্ব হলরুমে আলোচনা সভা ও প্রধান সড়কে মানববন্ধনের আয়োজন করা হয়। এইড ফাউন্ডেশন এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচীর আয়োজন করে।

মউকের সিনিয়র ম্যানেজার মুরাদ হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন, প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, শিরিন আক্তার, আব্দুল করিম।

বক্তারা “তামাক নয়, খাদ্য ফলান” এই প্রতিপাদ্য বিষয়ের উপর আলোচনা করেন এবং স্থানীয় জনগণকে আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টিতে সকলকে তামাক মুক্ত পরিবার গঠনে এগিয়ে আসার আহবান জানান। সভার আগে মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের পাশে এক মানববন্ধন করা হয়। অনুষ্ঠানটি উপস্থাপন করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

গাংনীতে বিজয় টিভির প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়েছে বিজয় টিভির জন্ম বার্ষিকী।
চ্যানেলটির এগার বছর পদার্পন উপলক্ষে বুধবার দুপুরে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।
প্রধান অতিথী হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানে শোভা বর্ধন করেন একুশে পদকপ্রাপ্ত কথা সাহিত্যিক ও মুক্তিযুদ্ধের গবেষক রফিকুর রশিদ রিজভী।
বিজয় টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি ও প্রেসক্লাব সভাপতি তৌহিদ

উদ দৌলা রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন সাবেক কটন ইউনিট অফিসার আব্দুল ওয়াদুদ, প্রেসক্লাব সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।
আরটিভির প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বিজয় টিভির নানা অনুষ্ঠান ও সংবাদের ইতিবাচক দিক তুলে ধরে বক্তব্য রাখেন বক্তারা। পরে কেক কাটা হয়। অনুষ্ঠানে গাংনী প্রেসক্লাবের সকল সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ‘ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক’ দিনব্যাপী কর্মশালা

মেহেরপুরে ইসলামিক ফাউণ্ডেশনের উদ্যোগে ‘ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক’ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে ধর্ম মন্ত্রণালয়ের ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর ইসলামিক ফাউণ্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীরের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরডিসি রনি খাতুন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ সুপার রাসেল আহসান, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা ও দায়রা জজ কোর্টের পিপি পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন।

২য় পর্বে বিভিন্ন মসজিদের ইমাম, শিক্ষক, মন্দিরের পুরোহিতসহ বিভিন্ন ধর্মীয় নেতাদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে তিন দরিদ্র শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

‘শুভ কাজে সবার পাশে’ এ শ্লোগানকে ধারণ করে সামাজিক উদ্যোগের অংশ হিসেবে মেহেরপুরে তিন জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেছে শুভ সংঘ।

বুধবার দুপুর ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় কাজি কুদরুতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালয়ের এ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

কালের কন্ঠ শুভ সংঘের মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব নুরুল আহমেদের সভাপতিত্বে শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক শ্যামল কুমার হালদার।

মেহেরপুর শুভ সংঘের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে সংগঠনের সহ-সভাপতি ও জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদক আল মাসুম শেখ, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, প্রচার সম্পাদক ওবায়দুল্লাহ ও নির্বাহী সদস্য আবু রায়হান নিরব, তানজিমুল ইসলামসহ প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রতিষ্ঠানের বাছাইকৃত তিনজন শিক্ষার্থীকে কালের কন্ঠ শুভ সংঘের পক্ষ থেকে শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন শিক্ষা উপকরন বিতরণ করা হয়।